গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা
(সাধারণ শাখা)
www.netrokona.gov.bd

বিষয় : মে/২০২০ মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মঈনউল ইসলাম, জেলা প্রশাসক, নেত্রকোণা।
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময় : ২০ মে ২০২০, বেলা ১১.০০ টা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা যথাক্রমে পরিশিষ্ট 'ক', 'খ' ও 'গ' তে দেখানো হলো।

Zoom Cloud Meeting APP এর মাধ্যমে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় গত ২৮ এপ্রিল ২০২০ তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। পাঠান্তে কোনো সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। বিভিন্ন বিভাগের কার্যক্রমের উপর আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রম | বিভাগের নাম ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | **জেলা প্রশাসকের কার্যালয়**<br>নেত্রকোণা সার্কিট হাউজ, উচিৎপুর পর্যটন সেন্টার-কাম-রেস্ট হাউজ নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করা এবং বিদ্যুতের ওয়েরিং এর কাজ দ্রুত শুরু করার বিষয়ে সভায় আলোচনা হয়। | (ক) নেত্রকোণা সার্কিট হাউজ এবং উচিৎপুর পর্যটন সেন্টার-কাম-রেস্ট হাউজ নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(খ) বিদ্যুতের ওয়েরিং কাজ দ্রুত শুরু করতে হবে। | নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ নেত্রকোণা। |
| ২. | **জেলা পরিষদ**<br>Zoom Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় জেলা পরিষদের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোণা |
| ৩. | **পুলিশ বিভাগ**<br>পুলিশ সুপার জানান, উন্নয়নের পূর্ব শর্ত হলো আইনশৃঙ্খলা পরিস্থিতি। জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশ বাহিনীর প্রতিটি সদস্য নিরলস পরিশ্রম করছেন। নিখোঁজ ব্যক্তি সংক্রান্ত কোনো তথ্য সর্বোচ্চ অগ্রাধিকার প্রদানপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। উন্নয়ন কর্মকান্ডে সহযোগিতা চাইলে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হবে। তিনি জঙ্গিবাদ ও মাদকদ্রব্যের অপব্যবহার মোকাবেলায় সকলের সহযোগিতা কামনা করেন। | (১) জঙ্গিবাদ ও মাদক মোকাবেলা এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশ বিভাগের তৎপরতা অব্যাহত করতে হবে।<br>(২) জঙ্গিবাদ ও মাদকদ্রব্যের অপব্যবহার মোকাবেলায় সকলকে সহযোগিতা করতে হবে। | পুলিশ সুপার নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল। |
| ৪. | **স্বাস্থ্য বিভাগ**<br>(ক) সিভিল সার্জন জানান, নেত্রকোণা জেলায় মোট ২৭২টি কমিউনিটি ক্লিনিকের মধ্যে ২৩৯টি চালু রয়েছে। ৩৩টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ কাজ পর্যায়ক্রমে বাস্তবায়িত হবে। কমিউনিটি ক্লিনিকে মহিলা, গর্ভবতী মহিলা, নবজাতক ও শিশু, বৃদ্ধ এবং প্রতিবন্ধিদের অগ্রাধিকারভিত্তিতে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে। ইপিআই, ইওসি, আইএমসিআই ও পুষ্টি, ম্যালেরিয়া প্রতিরোধ, ডায়রিয়া নিয়ন্ত্রণ, ভেজাল খাদ্য প্রতিরোধ ও নিয়ন্ত্রণ এবং যক্ষ্মা ও কুষ্ঠ নিয়ন্ত্রণ কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। সভায় স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি, বাড়ির আঙ্গিনা পরিস্কার রাখা, স্বাস্থ্য বিভাগে শূন্যপদের সংখ্যার ভিত্তিতে শূন্যপদ পূরণ, যেসকল উপজেলায় এ্যাম্বুলেন্স নেই সেসকল উপজেলায় এ্যাম্বুলেন্স সরবরাহ এবং কমিউনিটি ক্লিনিকে যথাযথভাবে ঔষধ সরবরাহ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানানো হয়। | (১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে করতে হবে।<br>(২) আনুপাতিক হারে শূন্যপদ পূরণ এবং যেসকল উপজেলায় এ্যাম্বুলেন্স নেই সেসকল উপজেলায় এ্যাম্বুলেন্স সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) কমিউনিটি ক্লিনিকে যথাযথভাবে ঔষধ সরবরাহ করতে হবে।<br>(৪) স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি ও বাড়ির আঙ্গিনা পরিস্কার রাখতে হবে। | সিভিল সার্জন নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল। |
| | (খ) সিভিল সার্জন আরও জানান, নেত্রকোণা জেলায় করোনা ভাইরাস প্রতিরোধে জেলা করোনা কমিটির সাথে সমন্বয় রেখে সকল কার্যক্রম চলমান আছে। নেত্রকোণা জেলায় সদর হাসপাতালে ১০০ শয্যা ও আটপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ২০ শয্যার ডেডিকেটেট হাসপাতাল প্রস্তুত রাখা হয়েছে। কোভিট-১৯ রোগী বহনের জন্য একটি এ্যাম্বুলেন্স সার্বক্ষণিক প্রস্তুত থেকে সেবা প্রদান করছে। জেলায় এই পর্যন্ত ১৯৫৭ জনের নমুনা সংগ্রহ করে ১১৭ জনের পজেটিভ রোগী সনাক্ত হয়েছে। পিপিই মোট প্রাপ্ত-১৪,৪২৭, বিতরণ-১১,৭৪৩, বর্তমান মজুদ ২,৬৮৪টি। করোনা ভাইরাসের বিষয়ে সতর্ক থাকতে হবে। বিদেশ থেকে কোন ব্যক্তি দেশে আসলে হোম কোয়ারেন্টাইনে থাকতে হবে। কোন রোগীর সর্দি, কাশি ও গলাব্যাথা হলে হাসপাতালে ডাক্তারের শরনাপন্ন হতে হবে। করোনা ভাইরাসের কারণে আতঙ্কগ্রস্থ না হয়ে সচেতন হতে হবে এবং স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। জেলা শহর ও ঘনবসতি থেকে দূরবর্তী স্থানে ১০০ ও ৫০ শয্যার আইসোলেশন বেড পৃথক দু'টি ভবনে প্রস্তুত রাখা হয়েছে। করোনা রোগীর চিকিৎসার জন্য প্রতি উপজেলায় ১০টি করে মোট ১০০টি বেড প্রস্তুত রাখা হয়েছে। | (১) করোনা ভাইরাসের বিষয়ে সতর্ক থাকতে হবে।<br>(২) বিদেশ থেকে কোন ব্যক্তি দেশে আসলে হোম কোয়ারেন্টাইনে থাকতে হবে।<br>(৩) কোন রোগীর সর্দি, কাশি ও গলাব্যাথা হলে হাসপাতালে ডাক্তারের শরনাপন্ন হতে হবে।<br>(৩) করোনা ভাইরাসের কারণে আতঙ্কগ্রস্ত না হয়ে সচেতন হতে হবে।<br>(৪) স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। | সিভিল সার্জন নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| ৫. | **কৃষি বিভাগ**<br>কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক জানান, রবি-২০১৯-২০ অর্থ বছরে ধান আবাদের লক্ষ্যমাত্রা ১,৮৩,৮৭০ হেক্টর, উৎপাদনের লক্ষ্যমাত্রা ৭,৪৫,৩৬২ মে.টন চাল। বোরো আবাদ অর্জিত হয়েছে ১,৮৪,৫৩০ হেক্টর। ইতোমধ্যে হাওরে ১০০% জমির ধান কর্তন সম্পন্ন হয়েছে। ফলন ভাল হয়েছে। জেলায় ৩২,৭০০ জন শ্রমিক ও ৭৯টি কম্বাইন হারভেস্টার দ্বারা বোরো ধান কর্তন চলছে। খরিপ-১ মৌসুমে আউশ ধান আবাদের লক্ষ্যমাত্রা-১,৫৪৩ হেক্টর। উৎপাদনের লক্ষ্যমাত্রা-৪,১৪৯ মে.টন চাউল। আউশ প্রণোদনা ১০০% বিতরণ সম্পন্ন হয়েছে। নেত্রকোণা জেলায় মে'২০ মাসের বরাদ্দ ইউরিয়া-২৭৯ মে. টন, টিএসপি-৫৮ মে. টন, এমওপি-৬৬ মে. টন, ডিএপি-১২৩ মে. টন। বর্তমানে সারের মজুদ ইউরিয়া ৩,৩৬৭ মে. টন, টিএসপি-৫০৬ মে. টন, এমওপি-৮৬৭ মে. টন, ডিএপি-১,০০০ মে. টন। মজুদ সন্তোষজনক। ২৭ মার্চ ২০১৯ তারিখ অনুষ্ঠিত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন বিষয়ক সভার কার্যবিবরণী মোতাবেক জেলার যে সকল জমিতে তিন ফসল হয় সে সকল জমি কৃষি কাজের জন্য সংরক্ষণ করতে হবে। তা ছাড়া, প্রতি উপজেলায় ২টি সবজি গ্রাম ও ১টি ফল গ্রাম-এর কার্যক্রম চলমান রয়েছে। হাওর এলাকায় ধান কাটায় সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক এক ইঞ্চি জমিও খালি রাখা যাবে না মর্মে সভায় আলোচনা হয়। | (১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করতে হবে।<br>(২) যথাসময়ে সার উত্তোলন ও বিপণনের মনিটরিং জোরদার করতে হবে।<br>(৩) যে সকল জমিতে তিন ফসল হয় সে সকল জমি কৃষি কাজের জন্য সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৪) প্রতি ইউনিয়নে ফল গ্রাম ও সবজি গ্রাম প্রতিষ্ঠার উদ্যোগ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br>(৫) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক এক ইঞ্চি জমিও খালি রাখা যাবে না। | উপ-পরিচালক,<br>কৃষি সম্প্রসারণ অধিদপ্তর<br>নেত্রকোণা<br>ও<br>সংশ্লিষ্ট সকল। |
| ৬. | **গণপূর্ত বিভাগ**<br>সভায় গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী জানান, গণপূর্ত বিভাগের অধীন ৪০টি প্রকল্পের মধ্যে ৩৬টি প্রকল্পের কাজের অগ্রগতি-৫%-১০০%, ২টি কার্যাদেশ প্রক্রিয়াধীন, ১টি প্রকল্পের দরপত্র মূল্যায়ন চলমান, ১টি প্রকল্পের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং নেত্রকোণা মডেল মসজিদের জমি পাওয়া যায়নি। নেত্রকোণা সার্কিট হাউজ, শৈলজারঞ্জন সাংস্কৃতিক কেন্দ্র, মডেল মসজিদ, খালিয়াজুরী ফায়ার স্টেশন নির্মাণ কাজ এবং পুলিশ বিভাগের চলমান কাজসমূহ যথাযথ মানে দ্রুত সম্পন্ন করার বিষয়ে সভায় অলোচনা হয়। | (১) গুণগত মান বজায় রেখে গৃহীত প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>(২) নেত্রকোণা সার্কিট হাউস, শৈলজারঞ্জন সাংস্কৃতিক কেন্দ্র, মডেল মসজিদের কাজ এবং খালিয়াজুরী ফায়ার স্টেশন নির্মাণ কাজ যথাযথ মানে দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(৩) পুলিশ বিভাগের চলমান কাজসমূহ যথাযথ মানে দ্রুত সম্পন্ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী<br>গণপূর্ত বিভাগ<br>নেত্রকোণা। |
| ৭. | **পানি উন্নয়ন বোর্ড**<br>(ক) সভায় পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি জানান, (ক) 'হাওড় এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প' এর আওতায় ৮টি প্যাকেজ-এর কাজের গড় অগ্রগতি ৫৭%, (খ) 'হাইজদা বাঁধ উপ-প্রকল্পের ঝুঁকিপূর্ণ অংশ শক্তকরণ' শীর্ষক প্রকল্পের আওতায় ১১টি প্যাকেজ-এর কাজের অগ্রগতি ৬৫% এবং (গ) '৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃ খনন প্রকল্প (১ম পর্যায়)' শীর্ষক প্রকল্পের কাজের গড় অগ্রগতি ৬৭%। ধানের বাম্পার ফলন হয়েছে। পানি উন্নয়ন বোর্ড কর্তৃক কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে। হাইজদা বাঁধের কাজ গতিশীল করা, হাওড়ে যেসকল বিভাগ কাজ করে তাদের মধ্যে সমন্বয়, গৃহীত প্রকল্পের কাজ যথাসময়ে সম্পন্ন ও সমস্যা থাকলে সভাকে অবহিত করার এবং সিটিজেন মনিটরিং-এর বিষয়ে সভায় আলোচনা হয়। | (১) গৃহীত প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে, সমস্যা থাকলে সভাকে অবহিত করতে হবে এবং সিটিজেন মনিটরিং-এর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(২) পানি উন্নয়ন বোর্ড কর্তৃক গৃহীত কার্যক্রম নিবিড়ভাবে পরিদর্শন করতে হবে।<br>(৩) হাওড়ে যেসকল বিভাগ কাজ করে তাদের মধ্যে সমন্বয় করতে হবে যাতে overlapping না হয়।<br>(৪) হাইজদা বাঁধের কাজ গতিশীল করতে হবে। | নির্বাহী প্রকৌশলী<br>পানি উন্নয়ন বোর্ড<br>নেত্রকোণা<br>ও<br>সংশ্লিষ্ট সকল। |
| ৮. | **সড়ক ও জনপথ বিভাগ**<br>(ক) সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী জানান, শ্যামগঞ্জ-জারিয়া-বিরিশিরি-দুর্গাপুর সড়কের মোট ৫টি প্যাকেজের Flexible Pavement ও RCC Box Culvert এর কাজ শেষ হয়েছে। Rigid pavement সহ অন্যান্য কাজ চলমান রয়েছে। সীমান্ত সড়কের (জেড-২৪৩৮) নেত্রকোণা জেলা অংশের প্রকল্প ব্যয় ২৮,২৫২.৩৪ লক্ষ টাকা। ৯টি প্যাকেজের মধ্যে সেতু নির্মাণের ৭টি প্যাকেজে ২৭টি সেতুর মধ্যে ২৪টি সেতুর কাজ সম্পন্ন হয়েছে, বাকী ৩টি সেতুর কাজ চলমান রয়েছে এবং সড়ক নির্মাণের ১টি প্যাকেজের চুক্তি চুড়ান্ত অনুমোদনের অপেক্ষায় রয়েছে' এবং অন্য প্যাকেজের ঠিকাদার নিয়োগ সম্পন্ন হয়েছে। নেত্রকোণা-পূর্বধলা-হগলা-ধোবাউড়া সড়ক উন্নয়ন প্রকল্পের (১ম থেকে ১৫তম কিলোমিটার) কাজের ভিত্তি প্রস্তর স্থাপন সম্পন্ন হয়েছে এবং কাজ চলমান রয়েছে। ঠাকুরাকোনা-কলমাকান্দা সড়ক প্রতিনিয়ত মেরামত করে যান চলাচলের উপযোগী রাখা হচ্ছে এবং সড়কের কাজ শুরু করা হয়েছে। তেলিগাতী-মদন কলেজ পর্যন্ত ১১কি.মি. সড়ক Overlay করা হবে এবং কেন্দুয়া-আঠারবাড়ী সড়কের বাজারসমূহে Rigid pavement এর কাজ শুরু করা হবে। করোনা পরিস্থিতির কারণে বিভিন্ন কাজ স্থবির ছিল। সরকারী নির্দেশনা মোতাবেক কাজ করার জন্য উৎসাহিত করা হচ্ছে। গৃহীত প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে দ্রুত সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | (১) শ্যামগঞ্জ-জারিয়া-বিরিশিরি-দুর্গাপুর সড়কের কাজ যথাযথভাবে জরুরিভিত্তিতে সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(২) সড়ক ও জনপথ বিভাগের কাজের গুণগত মান বজায় রেখে গৃহীত প্রকল্পের কাজ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।<br>(৩) নেত্রকোণা-ময়মনসিংহ এবং নেত্রকোণা-কলমাকান্দা রাস্তার কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(৪) গৃহীত প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(৫) সরকারী নির্দেশনা মোতাবেক সীমিত পরিসরে উন্নয়নমূলক কার্যক্রম চালু রাখতে হবে। | নির্বাহী প্রকৌশলী<br>সড়ক ও জনপথ বিভাগ<br>নেত্রকোণা |
| | (খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলমাকান্দা জানান, কলমাকান্দা সড়ক নিম্নমানের পাথর দিয়ে নির্মাণ করা হচ্ছে। সরেজমিনে দেখে এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | (খ) কলমাকান্দা সড়ক সরেজমিন পরিদর্শন করে কাজের গুণগত মান নিশ্চিত করতে হবে। | ঐ |

| | | | |
|---|---|---|---|
| ৯. | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর**<br>নির্বাহী প্রকৌশলী জানান, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন গৃহীত ৩২টি প্রকল্পের মাধ্যমে ১,৪০১টি স্কিম গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে ৮৬৬টি সমাপ্ত হয়েছে। ৫৩৫টি স্কিমের কাজ চলমান রয়েছে। গড় অগ্রগতি ৬৫%। ১৪০১টি স্কিমের মোট চুক্তিমূল্য ১,১৩৯.২৪ কোটি টাকা। তন্মধ্যে ৭৭৪.১৬ কোটি টাকা বরাদ্দ পাওয়া যায় এবং ৭৩৭.১৫ কোটি টাকা ইতোমধ্যে ব্যয় হয়েছে। ২০১৯-২০ অর্থ বছরের গ্রামীণ সড়ক মেরামত/সংরক্ষণ কর্মসূচির আওতায় ২৪টি স্কিমের কাজ চলমান আছে। নেত্রকোণায় ডায়াবেটিক হাসপাতাল নির্মাণ কাজ ৯০% সমাপ্ত হয়েছে। IRIDP-2 প্রকল্পের কাজ সমাপ্তির পথে। বাংলাদেশ পর্যটন কর্পোরেশন প্রকল্পের ১টি স্কিমের কাজ চলমান আছে। ২০৭টি প্রাথমিক বিদ্যালয় নির্মাণ কাজ চলমান আছে। করোনা পরিস্থিতির কারণে নিরাপদ থেকে সরকারী নির্দেশনা মোতাবেক সীমিত পরিসরে কাজ চলমান রয়েছে। গৃহীত প্রকল্পসমূহের কাজের গুণগত মান রক্ষা করে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | (১) গৃহীত প্রকল্পসমূহের কাজের গুণগত মান রক্ষা করে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।<br>(২) সরকারী নির্দেশনা মোতাবেক সীমিত পরিসরে উন্নয়নমূলক কার্যক্রম চালু রাখতে হবে। | নির্বাহী প্রকৌশলী এলজিইডি, নেত্রকোণা |
| ১০. | **প্রানিসম্পদ বিভাগ**<br>জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, গবাদি পশুর প্রতিষেধক টিকা প্রদান – ১৮,৭৬০ মাত্রা, হাঁস-মুরগির প্রতিষেধক টিকা প্রদান – ২,৬৭,১০০ মাত্রা, গবাদি প্রানির চিকিৎসা – ১৪,১৫২টি, হাঁস-মুরগীর চিকিৎসা – ১,৭২,৫৩৪টি, পোষা প্রাণির চিকিৎসা প্রদান-১৬টি, গবাদি পশুর কৃত্রিম প্রজনন – ৭,২০০টি, গবাদি প্রাণি ও পাখির রোগ অনুসন্ধান নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ-৫৯টি, গবাদি পশু ও পাখির ডিজিজ সার্ভিলেন্স – ১০টি, খামারি প্রশিক্ষণ প্রদান-২৭৯ জন এবং মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ ০৬ জনকে প্রদান করা হয়। উঠান বৈঠক, ঘাস চাষ সম্প্রারণ, খামার পরিদর্শন, টিকা বিক্রয়ের রাজস্ব আয়, খামার পরিস্কার পরিচ্ছন্ন রাখা এবং কৃত্রিম প্রজননে রাজস্ব আয় সংক্রান্ত বিষয়ে সভায় আলোচনা হয়। দুধ, মাংস ও ডিম খাওয়ার জন্য সকলকে অনুরোধ জানানো হয়। তা ছাড়া, মুজিববর্ষ উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে এবং প্রতি উপজেলায় একটি করে 'স্মার্ট লাইভষ্টক ভিলেজ' করা হবে মর্মে সভায় অবহিত করা হয়। | (১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের ধারা অব্যাহত রাখতে হবে।<br>(২) খামার পরিস্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(৩) মুজিববর্ষ উপলক্ষে গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নেত্রকোণা |
| ১১. | **মৎস্য বিভাগ**<br>জেলা মৎস্য কর্মকর্তা জানান, মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন কার্যক্রম এবং মাসের নির্ধারিত পরামর্শ দিবসে প্রতি উপজেলায় মৎস্যচাষি/উদ্যোক্তাদের পরামর্শ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। মোবাইল এ্যাপস এর মাধ্যমে মৎস্যচাষীকে পরামর্শ প্রদান এবং মৎস্য সংরক্ষণে ফরমালিনের ব্যবহার নিয়ন্ত্রণের জন্য আইন বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। মৎস্য হ্যাচারী আইন'২০২০ বাস্তবায়ন, মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে জলাশয় সংস্কার এবং মুজিববর্ষ ২০২০ উদ্‌যাপন উপলক্ষে আদর্শ মৎস্যগ্রাম বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। কোভিড-১৯ এর প্রভাব প্রতিকারে মাছের রেণু ও পোনা মাছ উৎপাদন স্বাভাবিক রাখা, বাজারে মাছের সরবরাহ স্বাভাবিক রাখা এবং মাছের খাদ্য সরবরাহ স্বাভাবিক রাখার কার্যক্রম চলমান রয়েছে। | (১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>(২) মৎস্যচাষের নতুন technology-র প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) মৎস্য হ্যাচারী আইন'২০২০ বাস্তবানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) কারেন্ট জাল ব্যবহার নিরুৎসাহিত করতে হবে। কারেন্ট জালের ব্যবহার বন্ধ করার জন্য মোবাইল কোর্ট পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা মৎস্য কর্মকর্তা, নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল। |
| ১২. | **সমাজ সেবা কার্যালয়**<br>উপ-পরিচালক জানান, ০৮(আট) ধরনের সামাজিক নিরাপত্তা কর্মসূচি, ০৬(ছয়) ধরনের সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম, সরকারি শিশু পরিবার (বালক), বিভিন্ন জটিল রোগে আক্রান্ত রোগীদেরকে আর্থিক সহায়তা প্রদান, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, প্রতিবন্ধী জরিপ ও ডাটাবেইজ প্রণয়ন, প্রবেশন, শহর সমাজ উন্নয়ন প্রকল্প পরিষদের মাধ্যমে কম্পিউটার প্রশিক্ষণ, এককালীন আর্থিক সহায়তা প্রদান, নিউরো-ডেভেলমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট-এর কার্যক্রম, সুদমুক্ত ঋণ কার্যক্রম এবং আট ধরণের সামাজিক নিরাপত্তা কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। তিনি ভাতা বিতরণ কাজে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভায় ভাতা বিতরণ কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার অনুরোধ জানানো হয়। সরকারি শিশু পরিবারের ছেলেরা যাতে কাজ করতে পারে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। উম্মুক্ত প্রক্রিয়ায় ভাতাভোগী নির্বাচন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | (১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>(২) ভাতা বিতরণ কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>(৩) উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রাখতে হবে। | উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, নেত্রকোণা |
| ১৩. | **টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs) বাস্তবায়ন ও সমন্বয়**<br>সভা অবহিত হয় যে, টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs) বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত কমিটি গঠন করা হয়েছে। সভায় টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs) বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত জেলা ও উপজেলা কমিটি সক্রিয় করা এবং এসডিজি অনুযায়ী টার্গেট ও বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়। | (১) টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs) বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত জেলা ও উপজেলা কমিটি সক্রিয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) এসডিজি অনুযায়ী টার্গেট ও বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করতে হবে। | উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| ১৪. | **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড**<br>বিআরডিবি'র উপ-পরিকচালক জানান, নেত্রকোণা জেলায় প্রাথমিক সমবায় সমিতি-২১৬৪টি, সদস্য সংখ্যা-৪৯,৯৯৭ জন, শেয়ার ও সঞ্চয় জমা-৪২৭.০২ লক্ষ টাকা, ঋণ বিতরণ-৪,৮৩২.৯০ লক্ষ টাকা এবং ঋণ আদায় হয়েছে-৩,৭৪১.০৫ লক্ষ টাকা (৮০%)। গভীর নলকূপ-৫৫৫টি এবং অগভীর নলকূপ-৫০০টি বিতরণ করা হয়েছে। দল-৮২৭টি, উপকারভোগী সদস্য সংখ্যা-২০,৭৪৭ জন, সঞ্চয় জমা-১৭৮.৩৮ লক্ষ টাকা, ঋণ বিতরণ-২,৯২৩.৮২ লক্ষ টাকা এবং ১,৯৫৮.৯১ লক্ষ টাকা (৭২%) ঋণ আদায় করা হয়েছে। বর্তমানে করোনার প্রাদুর্ভাবজনিত কারণে ঋণ আদায় প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ রয়েছে। উপজেলায় ঈদ-উল-ফিতরের পর বীজ বিতরণ করা হবে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। ঋণ প্রদান ও আদায় কার্যক্রমে তদারকি বৃদ্ধি করতে হবে। | উপ-পরিচালক<br>বিআরডিবি<br>নেত্রকোণা |
| ১৫. | **আমার বাড়ি আমার খামার প্রকল্প**<br>ZOOM Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় আমার বাড়ি আমার খামার প্রকল্পের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | জেলা সমন্বয়কারী,<br>একটি বাড়ি একটি খামার প্রকল্প,<br>নেত্রকোণা। |
| ১৬. | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর**<br>সভা অবহিত হয় যে, প্রতি ইউনিয়নে ২৬টি করে মোট ২,২৩৬টি নলকূপ বরাদ্দ প্রদান করা হয়েছে। ঈদুল-ফিতরের পর নলকূপ স্থাপনের কাজ শুরু হবে। ২০১৯-২০ অর্থ বছরে বিভিন্ন উপজেলায় ৭৭৩টি নলকূপ স্থাপন কাজের অগ্রগতি-৭০%। প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন উপজেলায় প্রাথমিক বিদ্যালয়গুলোতে ওয়াশব্লক নির্মাণ কাজের অগ্রগতি-৮০%। জাতীয় স্যানিটেশন প্রকল্পের আওতায় ১০টি কমিউনিটি ল্যাট্রিন নির্মাণ কাজের অগ্রগতি-৮০%। জেলা পরিষদের পুকুর সংস্কার করে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৪(চৌদ্দ)টি পুকুরের কাজের অগ্রগতি-৯০%। পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় খালিয়াজুরী ও কেন্দুয়া উপজেলায় ৩৯০টি নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। অগ্রগতি-৮০%। সভায় অগ্রাধিকারভিত্তিতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য বিশুদ্ধ খাবার পানি সরবরাহ ও স্যানিটেশনের ব্যবস্থা করা এবং টিউবওয়েল স্থাপনের চলমান কাজসমূহের যথাযথ মান নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। | (১) গৃহীত প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>(২) নির্ধারিত মান বজায় রাখতে হবে।<br>(৩) টিউবওয়েলের কাজ যথাযথভাবে সম্পন্ন করে ঠিকাদার যাতে স্থান ত্যাগ করে সেই বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(৪) অগ্রাধিকারভিত্তিতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য বিশুদ্ধ খাবার পানি সরবরাহ ও স্যানিটেশনের ব্যবস্থা করতে হবে। | নির্বাহী প্রকৌশলী,<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা<br>ও<br>সংশ্লিষ্ট সকল। |
| ১৭. | **শিক্ষা প্রকৌশল অধিদপ্তর**<br>নির্বাহী প্রকৌশলী জানান, 'নির্বাচিত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন' শীর্ষক প্রকল্পের আওতায় ৫০টি কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। 'নির্বাচিত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উর্ধ্বমুখী সম্প্রসারণ' প্রকল্পের আওতায় ৩৫টি কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং ১৫টি কাজের দরপত্র প্রক্রিয়াধীন রয়েছে। 'নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন' শীর্ষক প্রকল্পের আওতায় ২৩টি কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। ৪টি কাজের দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন আছে। 'সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন' প্রকল্পের আওতায় ১টি কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং ৩টি কাজের দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন। সরকারি কলেজসমূহের বিজ্ঞান শিক্ষার সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের আওতায় ২টি কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। 'সেকেন্ডারী এডুকেশন সেক্টর ইনভেসমেন্ট প্রোগ্রাম (SESIP)' শীর্ষক প্রকল্পের ১৮টি কাজ চলমান রয়েছে। রাজস্ব খাত (কোড নং-৭০১৬) এর আওতায় ২১টি শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে, ২৭টি কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। ৪টি কাজের প্রাক্কলন প্রণয়ন চলমান এবং ১১টি কাজের দরপত্র প্রক্রিয়াধীন রয়েছে। তা ছাড়া, গৃহীত প্রকল্পের কাজ সঠিক মানের এবং সুষ্ঠু তদারকির মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা হয়। | গৃহীত প্রকল্পসমূহের কাজ সঠিক মানে, যথাযথভাবে তদারকির মাধ্যমে এবং নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর,<br>নেত্রকোণা। |
| ১৮. | **বিদ্যুৎ উন্নয়ন বোর্ড**<br>বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নির্ব্যহী প্রকৌশলী জানান, নেত্রকোণায় প্রায় ৩৫ হাজার সংযোগ রয়েছে। নেত্রকোণা বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চাহিদা ১৫ মেগাওয়াট সরবরাহ ১৫ মেগাওয়াট। কোন ঘাটতি নেই। বিদ্যুতের কিছু দুর্বল লাইন রয়েছে। লাইন পরিবর্তনের জন্য কাজ করা হচ্ছে। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | (১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>(২) চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ থাকা সত্তেও প্রায়শঃ বিদ্যুৎ না থাকার কারণ খতিয়ে দেখে যথাযথভাবে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী,<br>পিডিবি, নেত্রকোণা<br>ও<br>সংশ্লিষ্ট সকল। |
| ১৯. | **পল্লীবিদ্যুৎ সমিতি**<br>জেনারেল ম্যানেজার জানান, এপ্রিল/২০২০ মাসে লাইন নির্মাণ করা হয়েছে ৭৭ কি.মি. এবং সংযোগকৃত গ্রাহক সংখ্যা-১,৬৩৭। ক্রমপুঞ্জিত ১০,৭৭৮ কি. মি. লাইন নির্মাণ করা হয়েছে এবং ক্রমপুঞ্জিত গ্রাহক সংখ্যা-৪,২৯,৪২৬টি। নির্মিত লাইনের নিচে নতুন বাড়িঘর স্থাপনা তৈরি না করতে এবং বড় জাতের গাছপালা না লাগানোর জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। সরকারি বিভিন্ন দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। দুর্নীতি প্রতিরোধকল্পে বিদ্যুৎ সংযোগের জন্য রশিদ ছাড়া কোন অর্থ না দেওয়ার অনুরোধ জানান। যথাযথভাবে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং যেসকল আশ্রয়ন প্রকল্প ও গুচ্ছগ্রামে বিদ্যুৎ সংযোগ নাই, সেসকল আশ্রয়ন প্রকল্প ও গুচ্ছগ্রামে বিদ্যুৎ সংযোগ দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | (১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>(২) নির্মিত লাইনের নিচে নতুন বাড়িঘর, স্থাপনা তৈরি না করতে এবং বড় জাতের গাছপালা না লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) সরকারি বিভিন্ন দপ্তরের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৪) দুর্নীতি প্রতিরোধকল্পে বিদ্যুৎ সংযোগের জন্য রশিদ ছাড়া কোনো অর্থ লেনদেন করা যাবে না।<br>(৫) শতভাগ বিদ্যুতায়নের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(৬) আশ্রয়ন প্রকল্প ও গুচ্ছগ্রামে বিদ্যুৎ সংযোগ দিতে হবে। | জেনারেল ম্যানেজার,<br>পল্লী বিদ্যুৎ সমিতি<br>নেত্রকোণা<br>ও<br>সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| ২০. | **স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর**<br>স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি জানান, মোহনগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে ৫০-১০০ শয্যায় উন্নীতকরণ কাজের গড় অগ্রগতি-৫০%। খালিয়াজুরী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে ৩১-৫০ শয্যায় উন্নীতকরণ কাজের অগ্রগতি-২৫%। বারহাট্টা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে ৩১-৫০ শয্যায় উন্নীতকরণ কাজ শীঘ্রই শুরু হবে। জাইকার অর্থায়নে ১৩টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ কাজের অগ্রগতি ৮০%। ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট শীর্ষক অপারেশনাল প্লানের আওতায় ০২টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ কাজের গড় অগ্রগতি ১০০%। ২০১৯-২০ অর্থ বছরে জিওবি রাজস্ব বাজেটের আওতায় নেত্রকোণা জেলার ১৩টি প্যাকেজভুক্ত বিভিন্ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ স্থাপনা মেরামত ও সংস্কার কাজের অগ্রগতি-৫০%। রাজস্ব বাজেটের আওতায় মেরামত ও সংস্কার কাজের অগ্রগতি-৫০%। কমিউনিটি ক্লিনিক মেরামতের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং স্বাস্থ্য প্রকৌশল কর্তৃক গৃহীত সকল কার্যক্রমের অগ্রগতি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার বিষয়ে সভায় অলোচনা হয়। | (১) গৃহীত প্রকল্পসমূহের কাজ সঠিক মানে, যথাযথভাবে তদারকির মাধ্যমে এবং নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।<br>(২) কমিউনিটি ক্লিনিক মেরামতের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(৩) স্বাস্থ্য প্রকৌশল কর্তৃক গৃহীত সকল কার্যক্রমের অগ্রগতি সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা |
| ২১. | **পরিবেশ অধিদপ্তর**<br>পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক জানান, বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | সহকারী পরিচালক পরিবেশ অধিদপ্তর, নেত্রকোণা |
| ২২. | **বিএডিসি (বীজ বিপণন)**<br>Zoom Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় বিএডিসি (বীজ বিপণন) এর কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-পরিচালক (বীঃ বিঃ), বিএডিসি, কিশোরগঞ্জ অঞ্চল |
| ২৩. | **বিএডিসি (বীজ উৎপাদন)**<br>ZOOM Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় বিএডিসি (বীউ) এর কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-পরিচালক (বীউ), বিএডিসি, নেত্রকোণা |
| ২৪. | **বিএডিসি (ক্ষুদ্রসেচ)**<br>বিএডিসি (ক্ষুদ্রসেচ) এর নির্বাহী প্রকৌশলী জানান, বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্রসেচ), নেত্রকোণা। |
| ২৫. | **খাদ্য বিভাগ**<br>(ক) জেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, অভ্যন্তরীণ বোরো সংগ্রহ/২০২০ মৌসুমের আওতায় নেত্রকোণা জেলার সকল উপজেলায় ২০,৯১০.০০০ মে.টন বোরো ধান, ৩৬,৫২৪.০০০ মে.টন বোরো সিদ্ধ চাল এবং ৪,৯৭১.০০০ মে.টন বোরো আতপ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ওএমএস কর্মসূচির আওতায় নেত্রকোণা জেলা শহরে ৫ জন ডিলারের মাধ্যমে ১৮/- টাকা কেজি দরে মাথাপিছু সর্বোচ্চ পাঁচ কেজি করে ভোক্তাগণের নিকট সপ্তাহে তিন দিন ৫.০০০ মে.টন করে আটা বিক্রয় করা হচ্ছে। বর্তমানে এই জেলায় খাদ্যশস্যের মজুদ ধান-১৬.৩৬০ মে.টন, চাল-১৩,৭৭৯.০৬৫ মে.টন এবং গম-১,৪৯৪.০৯৫ মে.টন। ধান ও চাল সংগ্রহের কার্যক্রম স্বচ্ছতার সাথে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। ধান ও চাল সংগ্রহের কার্যক্রম স্বচ্ছতার সাথে সম্পন্ন করতে হবে। | জেলা খাদ্য নিয়ন্ত্রক, নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল। |
| | (খ) সভায় নিরাপদ খাদ্য আইন, ২০১৩-এর অনুযায়ী উৎপাদন, আমদানি ও বিপণনের সকল স্তরে খাদ্য নিরাপদ রাখা নিশ্চিতকরণ; খাদ্যের নিরাপদ মান নির্ধারণে অসমতা প্রতিরোধ সংক্রান্ত বিষয়ে ভোক্তা, খাদ্য উৎপাদনকারী ও খাদ্য ব্যবসায়ী তথা সর্বস্তরের জনগণকে অধিকতর সচেতন করা এবং সচেতনতাকে অনুশীলনে পরিণত করার বিষয়ে আলোচনা হয়। | (খ) নিরাপদ খাদ্য আইন, ২০১৩-এর মাধ্যমে উৎপাদন, আমদানি ও বিপণনের সকল স্তরে খাদ্য নিরাপদ রাখা এবং খাদ্যের নিরাপদ মান নির্ধারণে ভোক্তা, খাদ্য উৎপাদনকারী ও ব্যবসায়ী তথা সর্বস্তরের জনগণকে অধিকতর সচেতন এবং সচেতনতাকে অনুশীলনে পরিণত করার বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে। | ঐ |
| ২৬. | **পরিবার পরিকল্পনা বিভাগ**<br>উপ-পরিচালক জানান, জেলায় সক্ষম দম্পতি-৪,০৮,৮০০ জন, জেলায় মোট পরিবার পরিকল্পনা গ্রহণকারী ৩,১০,২০০ জন, জেলার মোট (সিএআর) গ্রহণকারীর হার ৭৬%। এপ্রিল/২০ মাসে প্রসবপূর্ব মায়ের সেবা-১,৩২৩ জন, প্রসবোত্তর মায়ের সেবা-৪২১ জন, স্বাভাবিক প্রসব সেবা-১,৩৫০ জন এবং সিজারিয়ান অপারেশন-৮০ জনের সম্পন্ন হয়েছে। পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের জন্য অগ্রাধিকারভিত্তিতে অনগ্রসর জনগণকে উদ্বুদ্ধ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | (১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>(২) অগ্রাধিকারভিত্তিতে অনগ্রসর জনগণকে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের জন্য উদ্বুদ্ধ করতে হবে। | উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, নেত্রকোণা |
| ২৭. | **জেলা প্রাথমিক শিক্ষা বিভাগ**<br>জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান, করোনা ভাইরাসের প্রাদুর্ভাবজনিত কারণে প্রাথমিক বিদ্যালয়সমূহ বন্ধ রয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক 'ঘরে বসে শিখি' কার্যক্রম পরিচালিত হচ্ছে। নেত্রকোণা জেলায় অনলাইন স্কুল কার্যক্রম পরিচালনার করার বিষয়ে সভায় অলোচনা হয়। | (১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>(২) নেত্রকোণা জেলায় অনলাইন স্কুল কার্যক্রম পরিচালনার করার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নেত্রকোণা |
| ২৮. | **জেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ**<br>Zoom Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় জেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | জেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা |

| | | | |
|---|---|---|---|
| ২৯. | **জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো**<br>Zoom Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, নেত্রকোণা |
| ৩০. | **নেত্রকোণা পৌরসভা**<br>Zoom Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় নেত্রকোণা পৌরসভার কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | মেয়র নেত্রকোণা পৌরসভা |
| ৩১. | **মোহনগঞ্জ পৌরসভা**<br>Zoom Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় মোহনগঞ্জ পৌরসভার কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | মেয়র, মোহনগঞ্জ পৌরসভা |
| ৩২. | **কেন্দুয়া পৌরসভা**<br>Zoom Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় কেন্দুয়া পৌরসভার কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | মেয়র কেন্দুয়া পৌরসভা |
| ৩৩. | **মদন পৌরসভা**<br>Zoom Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় মদন পৌরসভার কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | মেয়র, মদন পৌরসভা |
| ৩৪. | **দুর্গাপুর পৌরসভা**<br>Zoom Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় দুর্গাপুর পৌরসভার কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | মেয়র দুর্গাপুর পৌরসভা |
| ৩৫. | **যুব উন্নয়ন অধিদপ্তর**<br>যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক জানান, যুব উন্নয়ন অধিদপ্তরের অধীন বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে। ঋণ কার্যক্রম চলমান রয়েছে। কারিগরি প্রশিক্ষণ প্রকল্প (কম্পিউটার) এর রাজস্ব আয়ের পরিমাণ ২১,৪১,২০০.০০ টাকা এবং কারিগরি প্রশিক্ষণ প্রকল্প (ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স ও রেফ্রিজারেশন) এর রাজস্ব আয়ের পরিমাণ ৪,২৮,৭০০.০০ টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর নেত্রকোণা |
| ৩৬. | **জেলা সমবায় কার্যালয়**<br>জেলা সমবায় অফিসার জানান, ১৬টি কেন্দ্রীয় সমবায় সমিতি এবং ১০১২টি প্রাথমিক সমিতির অডিট বরাদ্দ দেওয়া হয়েছে। এপ্রিল/২০২০ পর্যন্ত অডিট অগ্রগতির হার ১০০%। অডিট ফি এবং সমবায় উন্নয়ন তহবিল আদায়ের হার যথাক্রমে ৫০% ও ২৭%। তা ছাড়া, গারো সম্প্রদায়ের জীবনযাত্রার মানোন্নয়ন প্রকল্পের আওতায় দুর্গাপুর ও কলমাকান্দা উপজেলায় বিতরণকৃত ঋণ আদায়ের হার ৮৩%। আশ্রয়ণ প্রকল্পে ঋণ আদায়ের হার ৬০%। ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় সমিতির সদস্যদেরকে ক্যাপাসিটি বিল্ডিং ও উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং তাদের মধ্যে বিতরণকৃত ঋণ আদায়ের হার ৭৩%। জেলা সমবায় কার্যালয়ের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট কর্তৃক প্রতি মাসে ০৫টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে সমবায়ীগণকে সমবায় সমিতি আইন, বিধিমালা, সমিতির ব্যবস্থাপনা ও আর্থিক বিষয়ের উপর প্রশিক্ষণ দেওয়া হয়। এপ্রিল/২০২০ মাস পর্যন্ত ৬৪৮টি সমবায় সমিতির নিবন্ধন হয়েছে। পাঁচ ধরনের প্রকল্পের কার্যক্রম সীমিত আকারে চলমান রয়েছে। | (১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>(২) ঋণ আদায়ের হার বৃদ্ধি করতে হবে। | জেলা সমবায় অফিসার, নেত্রকোণা |
| ৩৭. | **মহিলা বিষয়ক অধিদপ্তর**<br>উপপরিচালক জানান, ভিজিডি তালিকা মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব সাইটে প্রেরণ করা হয়েছে। মাতৃত্বকাল ভাতাভোগীদের জিটুপি সিস্টেমে ভাতা বিতরণ শুরু হয়েছে। কোভিড-১৯ এর কারণে উপপরিচালকের কার্যালয়ে এপ্রিল-জুন/২০২০ পর্যন্ত তিন মাস মেয়াদে একশ জন প্রশিক্ষণার্থী এবং জেলার ৯টি উপজেলায় 'উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ' কার্যক্রম এর আওতায় ৯ম ব্যাচ প্রশিক্ষণার্থী নির্বাচন করা সম্ভব হয়নি। সীমিত আকারে কার্যক্রম চলমান রয়েছে। স্বচ্ছতা বজায় রেখে যথাযথভাবে ভাতাভোগী নির্বাচন করা এবং নারী উদ্যোক্তা তৈরী করার বিষয়টি আলোচিত হয়। | (১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>(২) স্বচ্ছতা বজায় রেখে যথাযথভাবে ভাতাভোগী নির্বাচন করতে হবে।<br>(৩) ভাতা বিতরণ এবং প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করতে হবে।<br>(৪) নারী উদ্যোক্তা তৈরী করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নেত্রকোণা |
| ৩৮. | **পরিসংখ্যান বিভাগ**<br>পরিসংখ্যান বিভাগের কার্যক্রম সীমিত আকারে চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, নেত্রকোণা |
| ৩৯. | **বন বিভাগ**<br>ZOOM Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় বন বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী বন সংরক্ষক নেত্রকোণা |
| ৪০. | **জেলা তথ্য অফিস**<br>জেলা তথ্য অফিসার জানান, প্রচার কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনার বিষয়ে সভায় আলোচনা হয়। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। জনসচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | জেলা তথ্য অফিসার নেত্রকোণা |

| | | | |
|---|---|---|---|
| ৪১. | **বিসিক**<br>বিসিকের উপ-ব্যবস্থাপক জানান, নেত্রকোণা জেলার ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়ন ও সম্প্রসারণে জেলা কার্যালয় কাজ করে যাচ্ছে। ২০১৯-২০ অর্থ বছরে ফেব্রুয়ারি/২০ পর্যন্ত ২৬৪ জন শিল্পোদ্যোক্তা চিহ্নিত করা হয়েছে। ৬১টি প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও মূল্যায়ন করা হয়েছে। ৫৮টি ক্ষুদ্র ও কুটির শিল্পকে নিবন্ধন প্রদান করা হয়েছে। ১০৮ জন উদ্যোক্তাকে উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। শিল্প নগরীতে ১০৩টি প্লট ৭০জন মালিকের নিকট বরাদ্দ দেওয়া হয়েছে। ২৬টি শিল্প প্রতিষ্ঠান উৎপাদন শুরু করেছে। সীমিত আকারে ১৪টি ইউনিট চলমান রয়েছে। শিল্পনগরীর কার্যক্রম সম্পূর্ণ বাস্তবায়িত হলে চার হাজার লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। | (১) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>(২) বরাদ্দ না হওয়া প্লটগুলোর বরাদ্দ প্রদানের কাজ দ্রুত শুরু করতে হবে। | উপ-ব্যবস্থাপক<br>বিসিক<br>নেত্রকোণা। |
| ৪২. | **তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড**<br>ব্যবস্থাপক জানান, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড-এর কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | ব্যবস্থাপক,<br>তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিঃ কোঃ লিঃ, নেত্রকোণা। |
| ৪৩. | **ইসলামিক ফাউন্ডেশন**<br>ZOOM Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-পরিচালক<br>ইসলামিক ফাউন্ডেশন<br>নেত্রকোণা |
| ৪৪. | **হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট**<br>ZOOM Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী পরিচালক,<br>হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট,<br>নেত্রকোণা |
| ৪৫. | **টেলিফোন বিভাগ**<br>ZOOM Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় টেলিফোন বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী ব্যবস্থাপক<br>টেলিকম, বিটিসিএল,<br>নেত্রকোণা |
| ৪৬. | **জেলা শিশু একাডেমি**<br>ZOOM Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় জেলা শিশু একাডেমির কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, নেত্রকোণা |
| ৪৭. | **জেলা শিল্পকলা একাডেমি**<br>ZOOM Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় জেলা শিল্পকলা একাডেমির কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | কালচারাল অফিসার,<br>জেলা শিল্পকলা<br>একাডেমি, নেত্রকোণা |
| ৪৮. | **সঞ্চয় বিভাগ**<br>ZOOM Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় সঞ্চয় বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী পরিচালক<br>জেলা সঞ্চয় অফিস<br>নেত্রকোণা |
| ৪৯. | **জেলা নির্বাচন অফিস**<br>জেলা নির্বাচন অফিসার জানান, সীমিত আকারে অফিসের কার্যক্রম চলমান রয়েছে। আইডি কার্ড অনলাইনে দেওয়া হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | জেলা নির্বাচন অফিসার,<br>নেত্রকোণা |
| ৫০. | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স**<br>ZOOM Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-সহকারী পরিচালক,<br>ফায়ার সার্ভিস ও সিভিল<br>ডিফেন্স, নেত্রকোণা |
| ৫১. | **পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন**<br>ZOOM Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-পরিচালক,<br>পিডিবিএফ,<br>নেত্রকোণা |
| ৫২. | **জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস**<br>ZOOM Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী পরিচালক,<br>জেলা কর্মসংস্থান ও জনশক্তি<br>অফিস, নেত্রকোণা |
| ৫৩. | **বাংলাদেশ রেলওয়ে**<br>ZOOM Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় বাংলাদেশ রেলওয়ের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | স্টেশন মাষ্টার<br>নেত্রকোণা। |
| ৫৪. | **জেলা ত্রাণ ও পুনর্বাসন কার্যালয়**<br>জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান, ত্রাণ বিতরণ কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। কোনো সমস্যা নেই। | গৃহীত প্রকল্পের কাজ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | জেলা ত্রাণ ও পুনর্বাসন<br>কর্মকর্তা,<br>নেত্রকোণা |
| ৫৫. | **ডাক বিভাগ**<br>ZOOM Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় ডাক বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | পোস্ট মাস্টার,<br>নেত্রকোণা |
| ৫৬. | **কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ**<br>ZOOM Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী কমিশনার,<br>কাস্টমস, এক্সাইজ ও<br>ভ্যাট বিভাগ, নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| ৫৭. | **কর বিভাগ**<br>ZOOM Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় কর বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপ-কর কমিশনার কর সার্কেল-১৯, নেত্রকোণা |
| ৫৮. | **পাট অধিদপ্তর**<br>ZOOM Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় পাট অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | মুখ্য পরিদর্শক পাট অধিদপ্তর নেত্রকোণা |
| ৫৯. | **জীবন বীমা কর্পোরেশন**<br>ZOOM Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় জীবন বীমা কর্পোরেশনের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | সেলস্ ইনচার্জ, জীবন বীমা কর্পোরেশন, নেত্রকোণা |
| ৬০. | **পাসপোর্ট অফিস**<br>ZOOM Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় পাসপোর্ট অফিসের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপ সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, নেত্রকোণা |
| ৬১. | **জেলা ক্রীড়া অফিস**<br>ZOOM Cloud Meeting APP এর মাধ্যমে সংযুক্ত না থাকায় জেলা ক্রীড়া অফিসের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | প্রয়োজনীয় তথ্যসহ নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | জেলা ক্রীড়া অফিসার নেত্রকোণা |
| ৬২. | **বিবিধ**<br>(ক) আইসিটি সংক্রান্ত<br>ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ওয়েব পোর্টাল হালনাগাদকরণ এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম আরও গতিশীল করার জন্য অনুরোধ জানানো হয়। সরকারিভাবে প্রদত্ত ট্যাবলেট পিসি যথাযথ ব্যবহার এবং কোনো কর্মকর্তা বদলি হলে ট্যাবলেট পিসি জেলা আইসিটি শাখায় জমা দিয়ে নতুন যোগদানকৃত কর্মকর্তার নামে পুনরায় তা ইস্যু করার অনুরোধ জানানো হয়। ওয়েব সাইটের প্রতিটি অংশে ন্যূনতম পঞ্চাশ শব্দের বর্ণনা থাকতে হবে। তা ছাড়া, যেসকল বিভাগে ই-নথির কার্যক্রম চালু হয়নি মুজিববর্ষ উপলক্ষে সেসকল বিভাগে ই-নথির কার্যক্রম চালু করা, ওয়েব সাইটে সকল কর্মকর্তার ছবি, আইন, বিধি, বাংলা ও ইংরেজি ভার্সনে আপলোড করা এবং তথ্য বাতায়ন হালনাগাদ করার বিষয়ে সভায় অলোচনা হয়। | (১) সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নিয়মিত ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে এবং প্রতিটি অংশে ন্যূনতম পঞ্চাশ শব্দের বর্ণনা থাকতে হবে। ওয়েব সাইটে সকল কর্মকর্তার ছবি, আইন ও বিধি বাংলা ও ইংরেজি ভার্সনে আপলোড করতে হবে।<br>(২) ডিজিটাল সেন্টারের কার্যক্রম আরও গতিশীল করতে হবে।<br>(৩) সরকার কর্তৃক প্রদত্ত ট্যাবলেট সমূহ যথাযথ ব্যবহার করতে হবে। কোন কর্মকর্তা বদলি হলে ট্যাবলেটসমূহ জেলা আইসিটি শাখায় জমা দিয়ে নতুন যোগদানকৃত কর্মকর্তার নামে পুনরায় তা ইস্যু করতে হবে।<br>(৪) যেসকল বিভাগে ই-নথির কার্যক্রম চালু হয়নি মুজিববর্ষ উপলক্ষে সেসকল বিভাগে ই-নথির কার্যক্রম চালু করতে হবে। | সংশ্লিষ্ট সকল। |
| | (খ) ইনোভেশন<br>জেলা পর্যায়ের যে সকল দপ্তর এখনও বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করেনি তাদের এবং উপজেলার ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা, জেলা ও উপজেলা পর্যায়ের ইনোভেশন টিমের সভা নিয়মিত ও কার্যকরভাবে করার অনুরোধ জানানো হয়। কর্মপরিকল্পনার মধ্যে গতানুগতিকতার পরিবর্তে ইনোভেশন/নতুন উদ্ভাবন দেখানোর জন্য তাগিদ দেওয়া হয়। তা ছাড়া, ইনোভেশন টিম গঠন করে ইনোভেশন টিমের কার্যক্রম গতিশীল করার জন্য সভায় আলোচনা হয়। | (১) জেলা পর্যায়ের যে সকল দপ্তর এখনও বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করেনি তাদের এবং উপজেলার ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।<br>(২) জেলা ও উপজেলা পর্যায়ের ইনোভেশন টিমের সভা নিয়মিত ও কার্যকরভাবে করতে হবে।<br>(৩) কর্মপরিকল্পনার মধ্যে গতানুগতিকতার পরিবর্তে ইনোভেশন থাকতে হবে।<br>(৪) Time, Cost ও Visit কমানোর জন্য সকল বিভাগ কর্তৃক ইনোভেশন প্রস্তাব প্রেরণ করতে হবে। ইনোভেশন টিমের কার্যক্রম আরও গতিশীল করতে হবে। | সংশ্লিষ্ট সকল। |
| | (গ) তথ্য অধিকার আইন-২০০৯ সংক্রান্ত<br>সভাপতি তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য সরবরাহ, তথ্য প্রকাশ ও প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | (গ) তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য সরবরাহ, তথ্য প্রকাশ ও প্রচার করতে হবে। | সংশ্লিষ্ট সকল। |
| | (ঘ) মুজিববর্ষ ২০২০ উদ্‌যাপন সংক্রান্ত<br>মুজিববর্ষ ২০২০ উদ্‌যাপন উপলক্ষে কর্মপরিকল্পনা প্রণয়ন করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। মুজিববর্ষকে উপলক্ষে পরিচ্ছন্ন গ্রাম পরিচ্ছন্ন শহর গড়ে তোলার বিষয়ে সভায় আলোচনা হয়। মুজিববর্ষ উদ্‌যাপন উপলক্ষে সকল বিভাগের কার্যক্রম নিয়ে একটি ক্যালেন্ডার প্রস্তুত করতে হবে। যাতে একই অনুষ্ঠানের পুনরাবৃত্তি না হয়। | (১) মুজিববর্ষ ২০২০ উদ্‌যাপন উপলক্ষে কর্মপরিকল্পনা প্রণয়ন করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(২) মুজিববর্ষকে উপলক্ষে পরিচ্ছন্ন গ্রাম পরিচ্ছন্ন শহর গড়ে তোলার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(৩) মুজিববর্ষ উদ্‌যাপন উপলক্ষে সকল বিভাগের কার্যক্রম নিয়ে একটি ক্যালেন্ডার প্রস্তুত করতে হবে। | সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | (ঙ) লোগো ব্যবহার নির্দেশিকা সংক্রান্ত<br>জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে একটি লোগো তৈরী করা হয়েছে এবং লোগো ব্যবহার নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। উক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নম্বর-০৪.০০.০০০০.৫১২.২৩.০০৮.১৯.৭৪, তারিখ: ২৮ জানুয়ারি,২০২০ পত্রটি সভায় পাঠ করে শুনানো হয় এবং লোগো ব্যবহার নির্দেশিকা মোতাবেক লোগোর যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়। | (ঙ) লোগো ব্যবহার নির্দেশিকা মোতাবেক লোগোর যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল। |

গৃহীত সিদ্ধান্তসমূহের যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ সজাগ দৃষ্টি রাখবেন মর্মে আশাবাদ ব্যক্ত করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মঈনউল ইসলাম)
জেলা প্রশাসক
নেত্রকোণা
ফোন : ০৯৫১-৬১৫১১
E-mail:dcnetrokona@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৫.৭২০০.০০৫.০৬.০০২.১৯-৩৮৪ (৩২) তারিখ : ১৬ জুন ২০২০

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৮. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, শিল্প মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, সুরক্ষা সেবা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩০. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৩২. ..........................................................................................................(সদয় কার্যার্থে)।

১৬/০৬/২০২০

জেলা প্রশাসক
নেত্রকোণা।